# পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে—

চুয়াডাঙ্গা হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ১৬ই মার্চ পরীক্ষায় অসদুপায় অবলম্বনে পরীক্ষার্থীদের সাহায্য করার অভিযোগে জীবননগর থানার মেমনগর হাইস্কুল এসএসসি পরীক্ষা কেন্দ্র হইতে জনৈক পরিদর্শককে বহিষ্কার করা হইয়াছে। প্রকাশ, চুয়াডাঙ্গা মহকুমার অনেক কেন্দ্রেই পরীক্ষার্থীদের মধ্যে বহিরাগতদের নকল সরবরাহের প্রবণতা লক্ষ্য করা যাইতেছে। গত ১৬ই মার্চ চুয়াডাঙ্গা সরকারী বালিকা বিদ্যালয় কেন্দ্রের সামনে পুলিশ লাঠিচার্জ করিলে তিনজন বহিরাগত আহত হয়।

কুড়িগ্রাম হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ১৬ই মার্চ পর্যন্ত মহকুমার বিভিন্ন এসএসসি পরীক্ষা কেন্দ্র হইতে ২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। অসদুপায় অবলম্বনে সাহায্য করার অভিযোগে তিনজন পরিদর্শককেও বহিষ্কার করা হয়। উলিপুর কেন্দ্রের নিকট হইতে পুলিশ এ পর্যন্ত ৫ জনকে গ্রেফতার করিয়াছে।

দিনাজপুর হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, দিনাজপুর কেন্দ্রে গত ১৬ই মার্চ পর্যন্ত মোট ২৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

ঠাকুরগাঁও সংবাদদাতা জানান, স্থানীয় সরকারী বালক বিদ্যালয় কেন্দ্র হইতে এযাবৎ ৭ জনকে বহিষ্কার করা হইয়াছে।

নড়াইল হইতে আমাদের সংবাদদাতা জানান, কালিয়া এস এস সি পরীক্ষা কেন্দ্র হইতে এ পর্যন্ত ৭ জনকে বহিষ্কার করা হইয়াছে।

দুর্গাপুর হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ১৪ই মার্চ দুর্গাপুর কেন্দ্র হইতে ৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

রংপুর হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ১৬ই মার্চ পর্যন্ত কাউনিয়া কেন্দ্র হইতে ২৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে এবং ৫ জন বহিরাগতকে গ্রেফতার করা হইয়াছে। মিঠাপুকুর ও পীরগঞ্জ কেন্দ্র হইতেও অপর ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।